ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০১৫

খোয়াই, ২৪ সেপ্টেম্বর, ২০২৫

**খোয়াই জেলা হাসপাতালে বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

'সুস্থ নারী, সশক্ত পরিবার' অভিযান কর্মসূচিতে গতকাল খোয়াই জেলা হাসপাতাল ও আগরতলা গভঃ মেডিক্যাল কলেজের যৌথ উদ্যোগে খোয়াই জেলা হাসপাতালে এক বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য শিবিরে গাইনোকোলজিস্ট, অর্থোপেডিক্স, অপথালমোলজি, ডার্মাটোলজিস্ট ও পেডিয়াট্রিক বিশেষজ্ঞ চিকিৎসকগণ এলাকার ১৪৬ জন রোগীর চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ প্রদান করেন। শিবিরে ১২ জন রোগীর এক্সরে, ৮ জন রোগীর ই সি জি, ১০ জন রোগীর রক্ত পরীক্ষা ও ১৮ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয়। খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****